# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

স্মারক নম্বর-বিপ-৬/৫৪২৯/২৫০ তারিখ: ১৫-০৭-২০২৬ খ্রি.

**বিষয়: কুষ্টিয়া জেলার মিরপুর উপজেলাধীন তালবাড়ীয়া উচ্চ বিদ্যালয়-এর সাময়িক বরখাস্তকৃত প্রধান শিক্ষক জনাব দিলারা ইয়াসমিন জোয়ার্দ্দার-কে স্বপদে পুনর্বহাল প্রসঙ্গে।**

সূত্র: (১) জনাব দিলারা ইয়াসমিন জোয়ার্দ্দার-এর ০৭-০৭-২০২৬ খ্রি. তারিখের আবেদন।
(২) মহামান্য হাইকোর্টের ০২-১২-২০২৫ ও ১৭-০২-২০২৬ তারিখের ১৮২২২/২০২৫ নং রীট পিটিশনের আদেশ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কুষ্টিয়া জেলার মিরপুর উপজেলাধীন তালবাড়ীয়া উচ্চ বিদ্যালয়-এর সাময়িক বরখাস্তকৃত প্রধান শিক্ষক জনাব দিলারা ইয়াসমিন জোয়ার্দ্দার-কে ম্যানেজিং কমিটি ২৪-০৪-২০২৪ তারিখে সাময়িক বরখাস্ত করেন। প্রধান শিক্ষক (সাময়িক বরখাস্তকৃত) জনাব দিলারা ইয়াসমিন জোয়ার্দ্দার মহামান্য হাইকোর্টে ১৮২২২/২০২৫ রীট পিটিশন দায়ের করেন। মহামান্য হাইকোর্ট গত ০২-১২-২০২৫ খ্রি. তারিখে ০৩ (তিন) মাসের জন্য বরখাস্তের পত্রটি স্থগিতের আদেশ প্রদান করেন এবং পরবর্তীতে ১৭-০২-২০২৬ খ্রি. তারিখে স্থগিত আদেশ ০৬ (ছয়) মাসের জন্য বৃদ্ধির আদেশ প্রদান করেন। প্রধান শিক্ষক (সাময়িক বরখাস্তকৃত) জনাব দিলারা ইয়াসমিন জোয়ার্দ্দার গত ০৭-০৭-২০২৬ খ্রি. তারিখে মহামান্য আদালতের আদেশ মোতাবেক ম্যানেজিং কমিটি কর্তৃক সাময়িক বরখাস্ত পত্রটি প্রত্যাহারসহ স্বপদে পুনর্বহালের জন্য যশোর শিক্ষা বোর্ডে আবেদন দাখিল করেন। উক্ত আবেদনের প্রেক্ষিতে ও মহামান্য আদালতের ১৮২২২/২০২৫ নং রীট পিটিশন আদেশ মোতাবেক প্রধান শিক্ষক জনাব দিলারা ইয়াসমিন জোয়ার্দ্দার-এর সাময়িক বরখাস্ত সংক্রান্ত পত্রটি স্থগিতপূর্বক তাঁকে স্ব-পদে পুনর্বহাল করে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে
স্বাক্ষরিত
(মুঃ এনামুল কবীর)
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
ফোন নম্বর: ০২৪৭৭৭৬২৭০৫

সভাপতি
তালবাড়ীয়া উচ্চ বিদ্যালয় (১১৭৮৩৬)
তালবাড়ীয়া, মিরপুর, কুষ্টিয়া।

স্মারক নম্বর-বিপ-৬/৫৪২৯/২৫০ তারিখ: ১৫-০৭-২০২৬ খ্রি.

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো:

১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, বাংলাদেশ, ঢাকা।
৩। পরিচালক, ব্যানবেইস, শিক্ষা মন্ত্রণালয়, ০১ নং সোনারগাঁও রোড, (পলাশী নীলক্ষেত), ঢাকা-১২০৫।
৪। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, খুলনা অঞ্চল, খুলনা।
৫। জেলা প্রশাসক, কুষ্টিয়া।
৬। জেলা শিক্ষা অফিসার, কুষ্টিয়া।
৭। উপজেলা নির্বাহী অফিসার, মিরপুর, কুষ্টিয়া।
৮। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মিরপুর, কুষ্টিয়া।
৯। প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত), তালবাড়ীয়া উচ্চ বিদ্যালয়, তালবাড়ীয়া, মিরপুর, কুষ্টিয়া।
১০। জনাব দিলারা ইয়াসমিন জোয়ার্দ্দার, (সাময়িক বরখাস্তকৃত) প্রধান শিক্ষক, তালবাড়ীয়া উচ্চ বিদ্যালয়, তালবাড়ীয়া, মিরপুর, কুষ্টিয়া।
১১। সংরক্ষণ নথি।

১৫.৭.২৬

বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর